শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের দপ্তর, সামাজিক বন অঞ্চল
কৈগাড়ী, বগুড়া

পত্র নং- ২২.০১.০০০০.২০১.০৫.০৯০.২০.৫২৪ তারিখ : ০৯/০৩/২০২০ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভূক্ত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারিবেন |
|---|---|---|---|---|---|---|
| | | রাজশাহী বিভাগ | রংপুর বিভাগ | | | |
| ০১ | ক্যাশ সরকার | ১ (এক) টি | ১ (এক) টি | টাকা ৯০০০-২১৮০০ (গ্রেড - ১৭) | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | **রাজশাহী বিভাগ :** রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলা।<br>**রংপুর বিভাগ :** রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা। |
| ০২ | জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট | ২ (দুই) টি | ২ (দুই) টি | টাকা ৯০০০-২১৮০০ (গ্রেড - ১৭) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি. হইতে হইবে। | |
| ০৩ | অফিস সহায়ক | ১১(এগার)টি | ৯ (নয়) টি | টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড - ২০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | |

### নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১। ০১/০৩/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হইতে হইবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে।

২। সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৩। সরকার নির্ধারিত বিভাগীয় নির্বাচন কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হইবে। প্রার্থীদেরকে এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাহাদের বর্তমান ঠিকানায়/বন অধিদপ্তরের ওয়েব সাইট (www.bforest.gov.bd) এর মাধ্যমে জানানো হইবে।

৪। উপরোক্ত ছকের ক্রমিক নং ০১ ও ০২ এ বর্ণিত পদের প্রার্থীদের "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯"- এর তফশীল ২ অনুযায়ী এবং ক্রমিক নং০৩ এ বর্ণিত প্রার্থীদের তফশীল ৩ অনুযায়ী গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

৫। উপরোক্ত ছকে বর্ণিত পদে সরকারি পরিপত্র মোতাবেক নিয়োগ প্রদান করা হইবে। ইহাছাড়া, সরকারি নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্রমতে যথাযথভাবে অনুসরণ করা হইবে।

৬। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল সনদপত্র।

(খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম এবং পরিচিতি নম্বরসহ সিলমোহর) কর্তৃক চারিত্রিক সনদপত্র।

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদ এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে তাহার স্বপক্ষে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করে। কর্তৃপক্ষ অনিবার্য কারনবশতঃ যে কোন পর্যায়ে এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৮। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষন করে।

৯। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনিক ভাতা দেওয়া হইবে না।

১০। প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও কোটা (যদি থাকে) খামের উপর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

১১। নিয়োগের বিষয়ে যে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলিয়া বিবেচিত হইবে।

১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## দরখাস্ত দাখিলের নিয়মাবলী

১। সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরম (চাকরির আবেদন ফরম বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে। ইহাছাড়া, বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, কৈগাড়ী,বগুড়ার দপ্তর হইতে অফিস চলাকালীন সংগ্রহ করা যাইবে) যথাযথভাবে পূরণ করতঃ আবেদন ফরম বন সংরক্ষকের দপ্তর, সামাজিক বন অঞ্চল, কৈগাড়ী, বগুড়ার ঠিকানায় আগামী ১৫/০৪/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি অবশ্যই পৌঁছাইতে হইবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হইবে না।

২। চাকরির আবেদন ফরমের ক্রমিক নং-০১ হইতে ২১ পর্যন্ত সকল তথ্য উল্লেখ করিতে হইবে। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। চাকরির আবেদন ফরমের সহিত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করিতে হইবে।

৪। সরকার নির্ধারিত আবেদন ফরমের যথাস্থানে স্পষ্ট করিয়া স্বাক্ষর করিতে হইবে।

৫। প্রার্থীদেরকে প্রত্যেক পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়ার অনুকূলে ১০০ (এক শত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **অথবা** কোড নং৬/৪৫৩১/০০০০/৮৮৩১ খাতে ট্রেজারী/সাবট্রেজারী, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ১০০ (এক শত) টাকার অফেরৎযোগ্য ট্রেজারী চালানজমা দিয়ে চালানের/ব্যাংক ড্রাফট/পে-অর্ডারেরমূল কপি আবেদন ফরমের সহিত অবশ্যই দাখিল করিতে হইবে।

৬। প্রার্থীকে তাহার বর্তমান ঠিকানা **(খামের ডান পার্শ্বে)** সম্বলিত ৬/- (ছয়) টাকার ডাক টিকিটসহ ৪"× ১০"সাইজের ১টি ফের খাম আবেদন পত্রের সহিত সংযুক্ত করিয়া দিতে হইবে।

০২/০৩/২০২০

(মুহাম্মদ সুবেদার ইসলাম)
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
রাজশাহী ও রংপুর বিভাগ
ও
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, বগুড়া
টেলিফোন : ০৫১-৬৬৪৩৬।

**বিজ্ঞপ্তিটি বহুল প্রচার/ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী/রংপুর বিভাগ।
৫। উপ-প্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং/পরিকল্পনা উইং/সামাজিক বন উইং/শিক্ষাওপ্রশিক্ষণ উইং, বনভবন, আগারগাঁও, ঢাকা।
৬। বন সংরক্ষক/পরিচালক (সকল)..........................................................................
৭। বিভাগীয় নির্বাচন কমিটির সদস্য (সকল )........................................................
৮। জেলা প্রশাসক, .................... (রাজশাহী বিভাগ/রংপুর বিভাগ),নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
৯। সকল বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক/উপ-বন সংরক্ষক..............................নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হইল।
১০। সহকারী প্রধান বন সংরক্ষক, সংস্থাপন ইউনিট/অর্থ, বাজেট ও সাধারণ নির্দেশনা ইউনিট/উন্নয়ন পরিকল্পনা ইউনিট/ব্যবস্থাপনা পরিকল্পনা ইউনিট।
১১। উপ-বন সংরক্ষক, রিমস ইউনিট, বনভবন, আগারগাঁও, ঢাকা। অত্র নিয়োগ বিজ্ঞপ্তিটি বন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
১২। সংশ্লিষ্ট নথি।